

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসটিআই ও বিএসইসি শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০
www.moind.gov.bd



নং- ৩৬.০০.০০০০.০৬৭.১৮.০২৪.২০-১৮৯

তারিখঃ ১১ কার্তিক, ১৪২৭
২৭ অক্টোবর, ২০২০

বিজ্ঞপ্তি

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প)-২০২১ নির্বাচন

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ অনুযায়ী “সিআইপি (শিল্প)-২০২১” নির্বাচনের লক্ষ্যে জাতীয় শিল্পনীতি-২০১৬ এ প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ শিল্প (উৎপাদন ও সেবা), মাঝারি শিল্প (উৎপাদন ও সেবা), ক্ষুদ্র শিল্প (উৎপাদন ও সেবা), মাইক্রো শিল্প ও কুটির শিল্প-এর আওতাভুক্ত কোন একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানি পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোন উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।

আগ্রহী প্রার্থীগণ শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moind.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহ করে ফরমে প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রমাণকসমূহ সংযুক্তপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অফিস চলাকালে মন্ত্রণালয়ের বিএসটিআই ও বিএসইসি শাখায় (কক্ষ নং-৫৩২) জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ অনুযায়ী শেয়ার কেলেংকারির সাথে জড়িত, ঋণখেলাপি, করখেলাপি, ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত এবং সাজা ভোগের পর পাঁচ বছর অতিবাহিত হয়নি এমন কোন ব্যক্তি; বিগত পাঁচ বছরের মধ্যে কোন শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোন ঘটনায় জরিমানা করা হয়, তাহলে উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং কোন শিল্প প্রতিষ্ঠানের বেতনভুক্ত কর্মকর্তা সিআইপি (শিল্প) নির্বাচনের লক্ষ্যে আবেদন করতে পারবেন না।

আবেদনকারীকে অবশ্যই 'সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪' ও 'জাতীয় শিল্পনীতি-২০১৬' অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্রে কোন মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করলে আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বছর সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না।

আবেদনপত্র জমা দেয়ার সময় অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

প্রাপ্ত আবেদনের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিআইপি (শিল্প) নির্বাচন সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মাকসুদুর রহমান

সহকারী সচিব

ফোন : +৮৮ ০২ ৯৫৫৮৭৪৭